হিন্দি সাহিত্যের ইতিহাস

* হিন্দি ভাষার উদ্ভব অপভ্রংশের শৌরসেনী, অর্ধমাগধী এবং মাগধী থেকে হয়েছে।

শৌরসেনী ↓
(i) পশ্চিমী হিন্দি
(ii) রাজস্থানী
(iii) পাহাড়ী

অর্ধমাগধী — পূর্বী হিন্দি

মাগধী — বিহারী

* হিন্দি ভাষা প্রচলিত - হিমাচলপ্রদেশ, পাঞ্জাবের কিছু অংশ, হরিয়ানা, রাজস্থান, দিল্লি, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহারে প্রচলিত।

* হিন্দির উপভাষা পাঁচটি — পশ্চিমী হিন্দি, পূর্বী হিন্দি, রাজস্থানী, পাহাড়ী, বিহারী।

* হিন্দির উপভাষার আবার ১০ টি 'বোলী' আছে— ① খড়ীবোলী, ব্রজভাষা, ভোজপুরী, মৈথিলী

* হিন্দির লিপি দেবনাগরী লিপি।

* আচার্য রামচন্দ্র শুক্লের রচিত 'হিন্দি সাহিত্য কা ইতিহাস' (১৯২৯) গ্রন্থে হিন্দি সাহিত্যের কালবিভাজন হয়েছে এইভাবে ——

১। আদিকাল বা বীরগাথাকাল (১০৫০ – ১৩৭৫)
২। পূর্ব- মধ্যকাল বা ভক্তিকাল (১৩৭৫ – ১৭০০)
৩। উত্তর- " বা রীতিকাল (১৭০০ – ১৯০০)
৪। আধুনিককাল (১৯০০ — বর্তমান)

১। আদিকাল: এই যুগের সাহিত্যকে মূলত তিনভাগে ভাগ করা যায় ——

ⓐ জৈন মুনিদের ধর্মোপদেশক সাহিত্য
ⓑ সিদ্ধ ও নাথ যোগীদের রচিত সাহিত্য
ⓒ বীরগাথামূলক কাব্য

সাহিত্যিক নিদর্শন: হম্মীর রাসো, খুমান রাসো, পরমাল রাসো, পৃথ্বীরাজ রাসো ইত্যাদি।

* সরহপাদকে হিন্দির প্রথম কবি বলে উল্লেখ করা হয়।
* খড়ীবোলী অর্থাৎ চলিত ভাষার প্রথম কবি আমীর খুসরো (১২৫৩-১৩২৪)।
* বিদ্যাপতিও আদিকালেরই কবি।